2    1184    1120    5000Rs.

**INDIA NON JUDICIAL**

५000रु.    Rs. 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये    FIVE THOUSAND RUPEES

Admissible under W.B. Regn. ... 21 duty ... require ... from or ... stamp duty under ... Act 1899 ... 1990 Schedule 1A ... Fees Paid.

... District Sub-Registrar ... South 24-Parganas

18/4/94

মঃ ৪৫,০০০, পঁয়তাল্লিশ হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা : -

থানা ঠাকুরপুকুর ।

***************

বিক্রয় কোবালা গ্রহীতা : - শ্রী সঞ্জিত শীল, পিতা শ্রী বিজয় কৃষ্ণ শীল, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ৬২ নং বিদ্যাসাগর পল্লী, বাড়িষা, থানা ঠাকুরপুকুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা, কলিকাতা - ৭০০০০৮ ।


**************************************

বিক্রয় কোবালা দাতা : - শ্রী সমরেন্দ্র মোহন ব্যানার্জ্জী, পিতা মৃত বিরাজ - মোহন ব্যানার্জ্জী, জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত, সাং ৩১এ দেশবন্ধু রোড, পো: হিন্দ মটর, থানা উত্তর পাড়া, জেলা হুগলী, পিন - ৭১২২৩৩ ।

**************************************

ক্রমশ .

100 Rs.





Samarendra Mohan Banerjee

।। ২ ।।

কস্য হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের বাস্ত জমি মায় যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারীক স্বত্বাদী সহ মায় জমির উপরিস্থিত কাঁচা দেওয়াল টালীর ছাউনী যুক্ত একখানি ঘর সহ সম্পত্তি দরবস্ত হক হকুক নি:স্বত্বে বিক্রয় সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা বেহালা, হাল ঠাকুরপুকুর, এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজেষ্ট্রী অফিস বেহালা, পরগণা খাসপুর, তৌজি নং ১০, জে: এল: নং ২৩, রে: সা: নং ৪৩, অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান এস, এস, ইউনিটের অন্তর্গত মৌজা পূর্ব্ব বড়িষা, সাবেক ১২১ হাল ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত সাবেক ২৮২৩ নং দাগে ২ দুই কাঠা ১৫ পনের ছটাক ১০ দশ স্কোয়ার ফুট বাস্ত

100Rs.






জমি ও তদুপরিস্থিত কাঁচা দেওয়াল টালির ছাউনী যুক্ত একখানি ঘর সহ মায় যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদী সহ অত্র কোবালা মূলে বিক্রীত হইতেছে।

উপরোক্ত জমি জমা যাহা সাং ৩৫ নং মুক্তারাম বাবু স্ট্রীট কলিকাতা-৭ নিবাসি শ্রী চমন লাল দাগা মহাশয়ের স্বত্ব দখলিয় জমি থাকে তিনি উক্ত জমি বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি অত্র কোবালা দাতা তাহা আমার নিজ অর্থে ও স্বার্থে বিগত ইংরাজী ২১।৫।১৯৬৬ তারিখে বেহালা সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করি। আমার খরিদা জমির দলিল খানি উক্ত বেহালা রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১ নং বহির ৪৩ নং ভলুমে ২৩২ হইতে ২৩৭নং

100 Rs.




|| ৪ ||

পাতায় লিপিকৃত ১৯৬৬ সালের ২৮২৬ নং বিক্রয় কোবালা রূপে লিপিবদধ আছে । উক্ত দলিল মূলে উক্ত জমি খরিদ করিয়া ভোগ দখলিকার থাকাবস্থায় পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় এবং তৎ কালিন দক্ষিণ শহরতলী পৌর প্রতিষ্ঠানে আমার নিজ নাম পত্তন করাইয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া জমির রক্ষনাবেক্ষনের জন্য একটি ছিটেবেড়ার দেওয়াল টালির ছাউনী যুক্ত একখানি ঘর নির্ম্মান করাইয়া তাহাতে নিজ লোক রাখিয়া অদ্যাবধী নিজ খাসে নিব্যূঢ় স্বত্বে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে ষোল আনা রকমে ভোগবান ও দখলিকার আছি ।

এ ক্ষণে আমার নানা প্রকার কারণে নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় আমি আমার স্বত্ব দখলিয় উক্ত ২ দুই কাঠা ১৫ পনের ছটাক ১০ দশ স্কোয়ার ফুট


100Rs.






জমি ও তদুপরিস্থিত কাঁচা ঘর সম্পূর্ণ খালি অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে কোবালা গ্রহীতা আপনি আমার ঘোষণা অবগত হইয়া তাহা ৪৫,০০০ পঁয়তাল্লিশ হাজার টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমি আপনার প্রস্তাবিত মূল্য বর্ত্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ বিবেচনা করিয়া আপনার প্রস্তাবিত মূল্যে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমি আপনাকে বিক্রয় করিতে স্বিকৃত হইয়া অদ্য তারিখে পণ মূল্যের ৪৫,০০০ পঁয়তাল্লিশ হাজার টাকা আমি আপনার নিকট হইতে নগদ গ্রহণ করিয়া অত্র কোবালা মূলে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমি ও ঘর আপনাকে বিক্রয় করিয়া - বিক্রীত সম্পত্তি হইতে এককালিন চিরতরে নি:সত্ত্ব স্বত্ব ত্যাগি ও দখলচ্যুত হইলাম এবং বিক্রীত জমিতে খোলসা খাস দখল দিলাম । বিক্রীত সম্পত্তিতে অদ্যাবধী আমার

10 Rs.




॥ ৬ ॥

যাহা কিছু স্বত্ব স্বামিত্ব লভ্য দখল অধিকার হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে এত্র কোবালার বানিয়াদে আমার উপর হইতে সম্পূর্ণ রূপে লোপ রদ ও রহিত হইয়া আপনার উপর বর্ত্তাইল ও অর্শাইল। আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তির মালিক ও স্বত্বাধিকারী হইয়া মিউনিসিপ্যাল কর্পোরেশানে ও সরকার সেরেস্তায় আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করাইয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্স আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধক, -প্রভৃতি সকল প্রকার হস্তান্তর, রূপান্তর, নামান্তর করণের ক্ষমতা প্রযুক্তে পুত্র, পৌত্রাদী যায় ওয়ারিশান গণক্রমে পরম সুখে নিরাপদে নিজ মনচাইমত গৃহাদী নির্ম্মান করাইয়া বসবাস আদির দ্বারা ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি যায় আমার ওয়ারিশান গণক্রমে কেহ কখনও কোন প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্ব আদালতে সর্ব্ব আইনে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবেক।

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি বা ইহার কোন অংশ আমি ইতিপূর্ব্বে

Samarendra Mohan Banerjee

দান , বিক্রয়,বন্ধক বা কোন প্রকারে হস্তান্তর , নামান্তর করি নাই বা করা নাই বা ইহা কাহারও জামিনে আবদধ নাই বা ইহাতে কোন প্রকার নিশেধাজ্ঞা জারি নাই বা ইহা কোন মালি মোকদ্দমা ভুক্ত সম্পত্তি নহে । ইহাতে আমি কাহারও বেনামদার নহি । ইহা সম্পূর্ণ নিদ্দায় নিদ্দোষ ও খোলষা অবস্হায় আমার খাস দখলে আছে এবং সর্ব্ব প্রকার দায় রহীতে অদ্যই আপনাকে বিক্রয় করিলাম এবং - বিক্রীত সম্পত্তিতে খোলষা খাস দখল দিলাম । যদি ভবিষ্যতে অত্র সম্পত্তিতে কোন প্রকার দায় সংযোগ বা গোলযোগাদী প্রকাশ পাইয়া আপনার খরিদা সত্ব দখলের কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে বা কেহ ঘটায় তাহা হইলে উক্ত বিঘ্ন জনিত ক্ষতি পূরণ করিতে এবং পণ মূল্যের সমস্ত টাকা মায় খরচ খরচা সহ এককালিন প্রত্যর্পন করিতে আমি মায় ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম এবং আইন মাফিক আমলে আসিব ।

প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলের কোন অংশে ভুল ভ্রান্তি প্রকাশ পাইয়া অত্র দলিলের পোষকে কোন সংশোধন বা পোষক দলিল রেজেষ্ট্রী করিয়া দিবার আবশ্যক হয় তাহা গ্রহীতা আপনার খরচায় বিনা পণ গ্রহণে বেওজর করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্হ শরীরে সরল মনে স্ব ইচ্ছায় অন্যের বিনা অনুরোধে অত্র দলিল পড়িয়া বুঝিয়া মর্ম্ম অবগত হইয়া এবং পণ মূল্যের সমস্ত টাকা এককালিন নগদ গ্রহণ করিয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম । ইতি বাংলা ১৪০০ সালের ৩১শে চৈত্র , ইংরাজী ১৯৯৪ সালের ১৪ই এপ্রিল ।

|| ৮ ||

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় : -
******************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা বেহালা, হাল ঠাকুরপুকুর, এ্যাডিসন্যাল ডিষ্ট্রীকট সাব রেজেষ্ট্রী অফিস বেহালা, পরগণা খাসপুর, তৌজি নং ১০, জে: এল: নং ২৩, রে: সা: নং ৪৩, অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান এস, এস, ইউনিটের অন্তর্গত মৌজা পূর্ব্ব বড়িষা, সাবেক ১২১, রিভিসন্যাল সেটেলমেন্টের ১৯৫৯ নং খতিয়ান ভুক্ত সাবেক ২৮২৩ দুই হাজার আট শত তেইশ নং দাগে -- ২ দুই কাঠা ১৫ পনের ছটাক ১০´ দশ স্কোয়ার ফুট বাস্ত জমি যাহা ১৫ নং প্লট হইতেছে ও তদুপরিস্থিত ছিটেবেড়ার দেওয়াল টালির ছাউনি যুক্ত এক খানি ঘর সহ যায় যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক সূত্বাদি সহ যায় জমির উত্তর দিকের ১৭´-৬" ইঞ্চি প্রশস্থ ড্রেণ সহ কমন প্যাসেজের উপর দিয়া সাম্ভাব্য যানবাহনাদী সহ ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে অবাধ চলাচল যায় উহার উপর বা তলদেশ দিয়া ইলেকট্রিক টেলিফোন, ইত্যাদীর লাইন আনা লওয়া যায় রাস্তার তলদেশ দিয়া জলের পাইপ লাইন আনাইবার যাবতীয় ব্যবহারিক সূত্বাদি সহ বিক্রীত হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা ০.১৭ পয়সা জমা যাহা বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণার কালেকটার বাহাদুরে আদায় দিতে হয়। বিক্রীত সম্পত্তি দলিল সংলগ্ন নকসায় লাল রং এর সিমা রেখার দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত আছে। অত্র সহ নকসা বরাবর অত্র দলিলের একাংশ গণ্য হইবে।

বিক্রীত সম্পত্তি ১২৩ নং ওয়ার্ডে বিদ্যাসাগর সরনীর $\frac{৬৩৮}{২৭৬।৮}$ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি।

Samarendra Nath Banerjee

Samarendra Mohan Banerjee

।। ৯ ।।

বিক্রীত সম্পত্তির চৌহদ্দী : -

**************************

উত্তর : - ড্রেণ সহ ৭' -০'' প্রশস্থ কমন প্যাসেজ ।

দক্ষিণ : - দাগ নং- ২৮৩৬ অন্যের জমি।

পূর্ব্ব : - চমনলালের দাগের পুকুর।

পশ্চিম : - শ্রী বিজয় কৃষ্ণ শীলের জমি।

টাকার জায় : -

*************

অদ্য নগদ ১০০ টাকার নোট ৪৫০ কেতায় -- -- ৪৫,০০০ টাকা ।

ম: পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

Samarendra Mohan Banerjee

মুসাবিদাকারক : -

শ্রী তপন হালদার
সাং- বেহালা
লাইসেন্স নং = [illegible]

ইসাদী : -

Debasis Goswami
11, Narayan Roy Road
Barisha Calcutta - 8

Bijoy Krishna Shill
62, Vidyasagar Pally
Barisha, Calcutta - 8

টাইপ কারক : -


শ্রী [illegible]
বেহালা, এ, ডি, এস, আর, অফিস,
কলিকাতা - ৩৪ ।

# LAND PLAN FOR SRI SANJIT SEAL, IN PART OF C.S. DAG. NO.-2823, KHATIAN NO. 121, R.S. KHATIAN NO. 1959, J.L. NO. 23, MOUZA-PURBA BARISHA, P.S.-BEHALA, IN DAGA AVENUE, PLOT NO. 15.

SCALE :- 20'-0" = 1" (INCH)

AREA OF LAND :- 2 KT.- 15 CH.- 10 SFT. (APPX.)

BOUNDED BY RED COLOUR =




| DRAWN BY |
| --- |
| |

SIGNATURE.